দৈনিক সংবাদ

তারিখ 08-SEP-1994
পৃষ্ঠা ৬ কলাম ৭

10

# কৃষি কলেজগুলোর প্রশাসনিক স্বায়ত্তশাসন দাবি

কৃষিবিদ ইনস্টিটিউশন দেশের কৃষি শিক্ষা, গবেষণা তথা সার্বিক কৃষি উন্নয়নের লক্ষ্যে কৃষি কলেজগুলোকে বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজির (বিআইটি) ন্যায় পূর্ণ একাডেমিক ও প্রশাসনিক স্বায়ত্তশাসন দেয়ার জন্য সরকারের কাছে জোর দাবি জানিয়েছে।

ইনস্টিটটিউশনের মহাসচিব কৃষিবিদ জাবেদ ইকবাল স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, দীর্ঘদিন যাবৎ ঢাকা, পটুয়াখালী এবং দিনাজপুর হাজী দানেশ কৃষি কলেজের ছাত্র-শিক্ষকবৃন্দ কলেজসমূহের পূর্ণ একাডেমিক ও প্রশাসনিক স্বায়ত্তশাসন অর্জনের লক্ষ্যে আন্দোলন করে আসছেন। বর্তমানে কৃষি কলেজসমূহের একাডেমিক নিয়ন্ত্রণ করছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ এবং প্রশাসনিক নিয়ন্ত্রণ করছে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট। এই দ্বৈত শাসনের ফলে,সৃষ্ট সমস্যা নিরসন এবং কৃষি শিক্ষার সুষ্ঠু বিকাশের স্বার্থে ইনস্টিটিউট অব টেকনোলজির (বিআইটি) অনুরূপ স্বায়ত্তশাসন প্রদান জরুরী বলে আমরা মনে করি। কিন্তু আমরা জানতে পেরেছি, কৃষি কলেজসমূহের স্বায়ত্তশাসনের বিষয়টির কোন সুরাহা না করে বরং কৃষি কলেজসমূহকে 'কৃষি শিক্ষা অনুবিভাগ' সৃষ্টি করে কৃষি মন্ত্রণালয়ের সরাসরি নিয়ন্ত্রণে নেয়া হচ্ছে, যাতে কৃষি শিক্ষা ও শিক্ষকদের গবেষণা কাজে মারাত্মক ব্যাঘাত সৃষ্টি হবে বলে সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।